দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL. 26 1999
পৃঃ ১০ কলাম ৪

০৫

# হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতালের স্বাভাবিক পরিবেশ সৃষ্টির দাবী

গড় ১৭ই জুলাই চট্টগ্রাম হোমিও-প্যাথিক মেডিক্যাল কলেজ ও হাস-পাতাল যৌথ সংগ্রাম কমিটির এক সভা সাবেক সংসদ সদস্য আবু সালেহর সভাপতিত্বে কদম মোবারক কমিউনিটি হলে অনুষ্ঠিত হয়। সভায় বর্তমান পরিস্থিতিতে ১০, লাভ লেইনে অবস্থিত সরকারী স্বীকৃতি ও অনদান প্রাপ্ত চট্টগ্রাম হোমিওপ্যাথিক মেডি-ক্যাল কলেজ ও হাসপাতালের সর-কারী স্বীকৃতি বাতিল না করা, ইহার স্বাভাবিক পরিবেশ ফিরাইয়া আনা ও সুষ্ঠু পরিচালনার নিমিত্তে চট্টগ্রামের জেলা প্রশাসকের সভাপতিত্বে গঠিত ম্যানেজিং কমিটি অনুমোদন, বর্তমান অধ্যক্ষের অপসারণ এবং তাহার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ ও তৎ-কালীন হোমিওপ্যাথিক বোর্ড অনু-মোদিত কমিটি বাতিল করার জন্য বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড, বাংলাদেশ ওয়াকফ প্রশাসনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি দবী জানাইয়া কতিপয় প্রস্তাব গৃহীত হয়। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সাবেক এমপি ডাঃ বিএম ফয়েজুর রহমান, ডাঃ সৈয়েদুর রহমান চৌধুরী, ওয়ার্ড কমিশনার আলহাজ্ব এম এ মালেক ও গোলাম হায়দার মিন্টু, ডাঃ আনো-রুল আহসান, ডাঃ আমিনুল হক ও এডভোকেট আজিজ উল্লাহ প্রমুখ।